**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 01-09-2025** **Desk in Charge : SDG**

**Time: 7.35 AM** **Compiling : SUDIP B.**

**DEO : KB** **NR : SUDIP B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্য বিধানসভার বিশেষ সংক্ষিপ্ত অধিবেশন আজ শুরু হচ্ছে।

# ভিন রাজ্যে কাজ করতে যাওয়া পরিযায়ী শ্রমিকদের হেনস্থার বিষয়ে রাজ্য সরকার এই অধিবেশনে একটি নিন্দা প্রস্তাব আনবে বলে জানিয়েছে।

২/ সুপ্রিম কোর্টের নির্দেশে SSC-র প্রকাশিত অযোগ্য শিক্ষকদের তালিকায় আরও দুটি নাম যুক্ত হওয়ায় এই সংখ্যা বেড়ে হয়েছে ১' হাজার ৮০৬।

৩/ চাকরী বাতিলের ঘটনায় বিজেপি, মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবী জানিয়েছে।

৪/ মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দেশবাসীকে "ভোকাল ফর লোকাল" মন্ত্র-কে কাজে লাগিয়ে "আত্মনির্ভর ভারত" গঠনে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।

৫/ ইস্টবেঙ্গল, AFC মহিলা চ্যাম্পিয়ান্স লিগের মূল পর্বে পৌঁছেছে।

*********************************************************************

রাজ্য বিধানসভার বিশেষ সংক্ষিপ্ত অধিবেশন আজ শুরু হতে চলেছে। ভিন রাজ্যে এরাজ্যের পরিযায়ী শ্রমিকদের হয়রানির অভিযোগ উঠার প্রেক্ষিতে উদ্বেগ প্রকাশ করে রাজ্য সরকার এই অধিবেশনে একটি নিন্দা প্রস্তাব আনবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আগামী কাল এই সরকারি প্রস্তাবের উপরে আলোচনা শুরু হবে। আজ দুপুর ১২টায় শোক প্রস্তাব গ্রহণের পর অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যাবে। এর আগে বসবে সর্বদলীয় এবং কার্য উপদেষ্টা কমিটির বৈঠক।

বিধানসভার এবারের সংক্ষিপ্ত বিশেষ অধিবেশনের শেষ দিনে বৃহস্পতিবারও একই ইস্যুতে আলোচনা চলবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আলোচনায় অংশ নিতে পারেন বলে পরিষদীয় দফতর সূত্রে জানা গিয়েছে। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী এবং অপরাজিতা বিল ফেরৎ পাঠানো নিয়েও এই অধিবেশনে আলোচনার সম্ভাবনা আছে বলে জানা গেছে। বুধবার করম পুজোর জন্য অধিবেশন বসবে না।

**************************

SSC-র প্রকাশ করা অযোগ্য তালিকায় উত্তর ২৪ পরগনার বারাসাত এক নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি তথা পঞ্চায়েত সমিতির প্রাক্তন পূর্ত কর্মাধ্যক্ষ ইছা হক সর্দারের ছেলে মহম্মদ নিজামুল্লার নাম থাকায় রাজনৈতিক তরজা শুরু হয়েছে। বিচারাধীন বিষয় বলে ইছা হক সর্দার এবিষয়ে কোন মন্তব্য করতে চাননি।

দক্ষিণ ২৪ পরগনার সোনারপুর পুরসভার তৃণমূল কংগ্রেস কাউন্সিলার কুহেলী ঘোষের নাম অযোগ্য তালিকায় রয়েছে। সোনারপুরের একটি স্কুলের ইতিহাসের শিক্ষিকা কুহেলীর দাবি তিনি এব্যাপারে আগেই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন।

এই তালিকায় নাম থাকা বনগাঁর রীতেশ ঘোষের অভিযোগ সুপ্রিম কোর্ট যাদের অযোগ্য বলে চিহ্নিত করেছিল, এসএসসি-র অযোগ্য তালিকায় তাদের নাম নেই। এর বিরুদ্ধে তিনি আদালতের দ্বারস্থ হওয়ার ভাবনা চিন্তা করছেন বলে জানিয়েছেন।

এদিকে, এসএসসি-র ওয়েবসাইটে অযোগ্য তালিকা জনৈকা রৌশেরানা বেগম এবং সঞ্চিতা দাসের নাম যুক্ত হওয়ায় এই সংখ্যা বেড়ে ১৮-শো ৬ হয়েছে।

উল্লেখ্য, সর্বোচ্চ আদালতের নির্দেশ মতো এসএসসি গতরাতে এই তালিকা প্রকাশ করে। এরা কোনোভাবেই নিয়োগ পরীক্ষায় বসতে পারবে না বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে।

********************************

বিধানসভায় আইন পাস করে তাঁদের চাকরিতে পুনর্বহালের জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে চিঠি দিয়েছেন চাকরিহারা যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের একাংশ। যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে মেহেবুব মন্ডল জানান, গতকাল স্কুল সার্ভিস কমিশন অযোগ্য শিক্ষক-শিক্ষিকাদের তালিকা প্রকাশ করে দেওয়ায় স্পষ্ট হয়ে গেছে, ১৫ হাজার ৪০৩ শিক্ষক-শিক্ষিকার বিরুদ্ধে কোনো অভিযোগ নেই। তাঁরা স্বচ্ছ উপায়ে চাকরি পেয়েছিলেন।

এদিকে, অপর চাকরী হারানো শিক্ষক চিন্ময় মন্ডল বলেছেন, মুখ্যমন্ত্রী ও বিরোধী দলনেতাকে পাঠানো ই-মেলে, যোগ্য শিক্ষকদের সসম্মানে চাকরিতে পুনর্বহালের জন্য বিধানসভায় জরুরি অধিবেশন ডেকে আইন পাস করার দাবি জানানো হয়েছে।

( বাইট- চিন্ময় মন্ডল)

********************************

বিজেপি চাকরি বাতিলের জন্য মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি জানিয়েছে। পশ্চিম মেদিনীপুরের ঘাটালে গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, কোন নির্বাচিত সরকার এই ভাবে চাকরি দিতে পারেনা। অযোগ্যদের যে তালিকা প্রকাশিত হয়েছে, সেখানে প্রার্থীদের ঠিকানা এবং কোন বিষয়ে শিক্ষকতা করতেন তার উল্লেখ নেই।

(বাইট-শুভেন্দু অধিকারী )

পাশাপশি র‍্যাঙ্ক জাম্প করে এবং প্যানেল বহির্ভূতভাবে কারা চাকরি পেয়েছেন এই বিষয়গুলিও উল্লেখ করা হয়নি। তাই এই তালিকা অসম্পূর্ণ বলে বিরোধী দলনেতার দাবি।

*************************

আকাশবাণী কলকাতার অনুষ্ঠান বিভাগ অস্থায়ী ও প্রয়োজন ভিত্তিক ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নেবে। সোশ্যাল মিডিয়ায় এব্যাপারে বিস্তারিত বিজ্ঞাপনটি পাওয়া যাবে। যেকোনো সহায়তার জন্য প্রার্থীরা সোম থেকে শুক্রবার দুপুর ১২টা থেকে ৩টের মধ্যে আকাশবাণী ভবন কলকাতায় সরাসরি যোগাযোগ করতে পারেন।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন দেশবাসীকে "ভোকাল ফর লোকাল" মন্ত্র, "আত্মনির্ভর ভারত"-এর পথ এবং উন্নত ভারতের লক্ষ্য নিয়ে এগিয়ে যেতে হবে। আজ আকাশবাণীতে ১২৫-তম মন-কি-বাত অনুষ্ঠানে নিজের চিন্তাভাবনা সকলের সঙ্গে ভাগ করে নিয়ে শ্রী মোদী বলেন, উৎসবের মরশুমে দেশবাসীর স্বদেশের কথা কখনও ভুলে যাওয়া উচিত নয় এবং জীবনের প্রতিটি প্রয়োজনের সবকিছুই স্বদেশী হওয়া উচিত।

(বাইট – ভোকাল ফর লোকাল ২৪")

বর্ষার মরশুমে প্রাকৃতিক বিপর্যয় থেকে উদ্ধার কাজে সামাজিক কর্মকর্তা, ডাক্তার, স্থানীয় মানুষদের উদ্যোগের প্রশংসা করে শ্রী মোদী বলেন, NDRF, SDRF-এর পাশাপাশি সাধারণ মানুষও কঠিন সময়ে মানবিকতাকে সবার ওপরে স্থান দিয়েছেন।

(বাইট – বিপর্যয় মোকাবিলা ৩৩")

এদিন প্রধানমন্ত্রী 'প্রতিভা সেতু' প্ল্যাটফর্মে সাফল্যের বিষয়টি, মন-কি-বাত-এর মাধ্যমে দেশবাসীর কাছে তুলে ধরেন। 'প্রতিভা সেতু' –তে, সেই প্রতিশ্রুতিমান পরীক্ষার্থীদের ডেটা রাখা হয়েছে, যারা UPSC-র আলাদা আলাদা পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ হয়েছেন, কিন্তু চূড়ান্ত মেরিট লিস্টে থাকতে পারেন নি। এই পোর্টালে ১০ হাজারের'ও বেশী এমন প্রতিশ্রুতি সম্পন্ন যুবক-যুবতীদের ডেটা ব্যাঙ্ক সংরক্ষণ করা হয়েছে।

সৌরশক্তি কৃষকদের জীবনকেও বদলে দিচ্ছে উল্লেখ করে শ্রী মোদী বিহারের মুজাফফরপুরের দেবকির কথা উল্লেখ করেন, যিনি সৌর পাম্প দিয়ে তাঁর গ্রামের ভাগ্য বদলে দিয়েছিলেন। তিনি বলেন, আগে মাত্র কয়েক একর জমিতে সেচের ব্যবস্থা ছিল, কিন্তু এখন ৪০ একরেরও বেশি জমিতে জল পৌঁছে যাচ্ছে।

আগামী ১৫-ই সেপ্টেম্বর বিখ্যাত ইঞ্জিনিয়ার বিশ্বেশ্বরাইয়ার জন্মদিনটি এদেশে 'ইঞ্জিনিয়ার্স ডে' হিসাবে পালিত হবে। মন কি বাতে প্রধানমন্ত্রী দেশের সব ইঞ্জিনিয়ারদের শুভেচ্ছা জানিয়েছেন। ১৭ ই সেপ্টেম্বর বিশ্বকর্মা পুজো। শ্রী মোদী বলেছেন, দেশের সূত্রধর, কর্মকার, স্বর্ণকার, কুম্ভকার, মৃৎশিল্পী এরা প্রত্যেকেই সমৃদ্ধির বুনিয়াদ তৈরি করছেন। এদের জন্যই সরকার বিশ্বকর্মা যোজনা চালাচ্ছে।

প্রধানমন্ত্রী আরও বলেছেন, বিশ্বের বড় শহরের পাশাপাশি ছোট ছোট শহরগুলিতেও ভারতীয় সংস্কৃতি ছড়িয়ে পড়ছে। ইতালির ক্যাম্পোরোটন্ডো-য় বাল্মিকী মূর্তির প্রতিষ্ঠা করা হয়েছে। রাশিয়ার ভ্লাডিভোস্টকে রামায়ণের বিভিন্ন থিমের ওপর প্রদর্শনী অজস্র মানুষের দৃষ্টি আকর্ষণ করেছিল বলেও শ্রী মোদী উল্লেখ করেন।

**************************

উত্তর ২৪ পরগনা বসিরহাট মহকুমার হাড়োয়ায় বিজেপি কর্মীর বাড়িতে দুষ্কৃতীদের হামলার ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। শুভজিৎ দাস নামে ওই বিজেপি কর্মীকে মেরে মাথা ফাটিয়ে দেওয়া হয়েছে বলে অভিযোগ। তাঁকে বসিরহাট সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি কড়া হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হাড়োয়া থানার গোপালপুর ১নং গ্রাম পঞ্চায়েতের সান্ডেলপাড়া এলাকায় গতকাল সকালে শুভজিতের বাড়ীতে চড়াও হয় কয়েকজন। মারধোর করা হয় তার মা কেও। তৃণমূল কংগ্রেস এবং বিজেপি একে অপরের দিকে অভিযোগের আঙুল তুলেছে।

**************************

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ১ নং ব্লকের সোনাচূড়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড-এর পরিচালন সমিতির নির্বাচনে বিজেপি সমর্থিত প্রার্থীরা জয়ী হয়েছেন।

এদিকে, বাঁকুড়া ২ নম্বর ব্লকের বিকনা গ্রাম পঞ্চায়েতের সেন্দড়া ও কোতুলপুর সমবায় সমিতির নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বীতায় তৃণমূল কংগ্রেস সমর্থিত প্রার্থীরা জয়লাভ করেছেন।

**************************

নদীয়ার কৃষ্ণনগরে ছাত্রী ঈশিতা মল্লিক খুনের ঘটনায় মূল অভিযুক্ত দেশরাজ সিং-এর মামা কুলদীপ সিং-কে কোতোয়ালি থানার পুলিশ গুজরাট থেকে গ্রেপ্তার করেছে। তদন্তে নেমে পুলিশ জানতে পারে, দেশরাজকে সবরকমভাবে সহযোগিতা করেছে তার মামা কুলদীপ। তাকে ট্রানজিট রিম্যান্ডে কৃষ্ণনগরে আনা হয়েছে।

উল্লেখ্য, গত ২৫ শে আগস্ট কৃষ্ণনগরের বাড়িতে ঢুকে ঈশিতা মল্লিককে খুব কাছ থেকে গুলি করে খুন করা হয়েছিল। মূল অভিযুক্ত দেশরাজ এখনও অধরা।

**************************

পূর্ব বর্ধমানের মেমারি-কাটোয়া রোডের মুন্সীডাঙা এলাকায় গতকাল দুপুরে লরির সঙ্গে ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষে ২ জনের মৃত্যু হয়েছে। আহত দুজন। কাটোয়ামুখী গম বোঝাই লরিটি নিয়ন্ত্রণ হারিয়ে মেমারিগামী ট্রাক্টরটিকে ধাক্কা মারলে এই দুর্ঘটনা ঘটে। এর জেরে বেশ কিছুক্ষণ যান চলাচল স্তব্ধ হয়ে যায়।

**************************

হুগলি জেলার পুরশুড়াতে একটি যাত্রিবাহী বাস রাস্তার পাশে নয়ানজুলিতে উলটে গেলে বেশ কয়েকজন যাত্রী আহত হয়েছেন, একজনের অবস্থা আশঙ্কাজনক। গতকাল তারকেশ্বর থেকে খানাকুলের গণেশপুরে যাওয়ার পথে শ্রীরামপুরের কাছে নয়ানজুলিতে উল্টে যায় বাসটি। বাসে প্রায় ৪০ জন যাত্রী ছিলেন। গুরুতর আহত ব্যক্তিকে আরামবাগ হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

**************************

নৌকো বিহারের নামে এক যুবতীকে ধর্ষণের অভিযোগে পুলিশ নেতাজী নগর এলাকার এক যুবককে গ্রেফতার করেছে। জানা গেছে, দ্বীপনারায়ণ ভট্টাচার্য নামে ওই যুবকের সঙ্গে সোশ্যাল মিডিয়ায় যুবতীর পরিচয় হয়। কলকাতার প্রিন্সেপ ঘাটে নৌকো বিহারের নামে তাঁকে ধর্ষণ করা হয় বলে থানায় অভিযোগ দায়ের করেছেন তিনি। পাশাপাশি চলতো ব্ল্যাকমেলও। গতকাল মোবাইল ফোন ট্র্যাক করে দ্বীপনারায়ণকে পুলিশ গ্রেফতার করে। আলিপুর আদালতে তোলা হলে ৩রা সেপ্টেম্বর পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে।

*************************

রেলের উন্নয়ন মূলক কাজের জন্য দক্ষিণ পূর্ব রেলের আদ্রা ডিভিশনে এক সপ্তাহ বিভিন্ন ট্রেন বাতিল ও ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। আদ্রা -ভাগা- আদ্রা লোক্যাল পুরো সপ্তাহ ধরেই বাতিল থাকবে। আজ থেকে আগামী রবিবার পর্যন্ত নিয়ন্ত্রণ করা হচ্ছে বিভিন্ন ট্রেন। আদ্রা–আসানসোল–আদ্রা মেমু প্যাসেঞ্জার ৭ই সেপ্টেম্বর বাতিল থাকবে। ঝাড়গ্রাম–ধনবাদ–ঝাড়গ্রাম মেমু এক্সপ্রেস ১ থেকে ৫ এবং ৭ সেপ্টেম্বর ধানবাদের বদলে বোকারো স্টেশনে যাত্রা শেষ এবং শুরু করবে।

*************************

বাঁকুড়া জেলার রাণীবাঁধ ব্লকের বিভিন্ন গ্রামে গতকাল এক অসরকারী সংগঠনের উদ্যোগে তালগাছের বীজ লাগানো হয়। গ্রামবাংলায় তালগাছের সংখ্যা বাড়িয়ে পরিবেশের ভারসাম্য ফিরিয়ে আনার লক্ষ্যে কদমাগড়, দেউলি, লোহামেড়া সহ ১১টি স্থানে বেশ কয়েকশো তালবীজ পোঁতা হয়েছে। বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রী এবং স্থানীয় মানুষজন এই অভিযানে অংশগ্রহণ করেন।

*************************

ইস্টবেঙ্গল এএফসি মহিলা চ্যাম্পিয়ন্স লিগের মূলপর্বে পৌঁছেছে। প্রিলিমিনারি রাউন্ডে শেষ ম্যাচে গতকাল হংকংয়ের কিচি এফসি-র বিরুদ্ধে ১-১ গোলে ড্র করে মূলপর্বে জায়গা করে নেয় ইস্টবেঙ্গল। কম্বোডিয়ার নম পেনের ন্যাশনাল স্পোর্টস কমপ্লেক্সে, ইস্টবেঙ্গলের হয়ে একমাত্র গোল করেন সঙ্গীতা বাসফোর।

```
**********************************************************************
```